



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
উপবৃত্তি শাখা
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd



তারিখ: ৩ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
১৮ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০৩.৭৫.০০২.২০.১৫৬

বিষয়: উচ্চ মাধ্যমিক বা সমমান পর্যায়ে একাদশ শ্রেণিতে ২০২৩-২৪ শিক্ষাবর্ষে ভর্তিকৃত অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের ভর্তি সহায়তা প্রদানের লক্ষ্যে ই-ভর্তি সহায়তা ব্যবস্থাপনা সফটওয়্যারের মাধ্যমে আবেদনের সময় বৃদ্ধি।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর এবং মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের অধীন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ২০২৩-২৪ শিক্ষাবর্ষে উচ্চ মাধ্যমিক বা সমমান পর্যায়ে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে ভর্তি সহায়তা প্রদান করা হয়।

২. ভর্তি সহায়তা প্রাপ্তির জন্য ২০২৩-২৪ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণিতে ভর্তিকৃত অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীকে <https://www.eservice.pmeat.gov.bd/admission> লিংকে প্রবেশ করে অনলাইনে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে।

৩. প্রজাতন্ত্রের বেসামরিক সকল সরকারি-আধাসরকারি-স্বায়ত্তশাসিত দপ্তর ও সাংবিধানিক প্রতিষ্ঠানে কর্মরত 'জাতীয় বেতন স্কেল, ২০১৫' অনুযায়ী ১৩ থেকে ২০তম গ্রেডভুক্ত কর্মচারীর সন্তান আর্থিক অনুদান প্রাপ্তির যোগ্য বিবেচিত হবে। অন্যান্য ক্ষেত্রে পিতা/মাতা/অভিভাবকের বাৎসরিক আয় ২ (দুই) লক্ষ টাকার কম হতে হবে।

৪. প্রতিবন্ধী শিক্ষার্থী, এতিম শিক্ষার্থী, ভূমিহীন পরিবারের সন্তান, অসচ্ছল মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান, প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত এবং দুস্থ পরিবারের সন্তান ভর্তির আর্থিক সহায়তা প্রাপ্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাবে।

৫. এমতাবস্থায়, ২০২৩-২৪ শিক্ষাবর্ষের উচ্চ মাধ্যমিক বা সমমান পর্যায়ে একাদশ বা সমমান শ্রেণির অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে আর্থিক সহায়তার আবেদন প্রয়োজনীয় কাগজপত্র আপলোড করে আগামী ৩১/১২/২০২৩ খ্রি: তারিখ রাত ১১:৫৯ মিনিট পর্যন্ত উক্ত লিংক/ই-ভর্তি সহায়তা ব্যবস্থাপনা পদ্ধতি'র মাধ্যমে এন্ট্রি করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি:

ক. দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে আর্থিক সহায়তা প্রদান নির্দেশিকা, ২০২০; এবং

খ. ই-ভর্তি সহায়তা সিস্টেম ব্যবহার নির্দেশিকা।

১৮-১২-২০২৩

মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ

সহকারী পরিচালক

০২-৫৫০০০৪২৮

ad.stipend@pmeat.gov.bd

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল) (সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে বিষয়টি অবহিত করার অনুরোধসহ)।

স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০৩.৭৫.০০২.২০.১৫৬/১ (১৩)

তারিখ: ৩ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
১৮ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সকল জেলা প্রশাসক;
- ২। অধ্যক্ষ, সকল সরকারি/বেসরকারি কলেজ;
- ৩। সহকারী পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট;
- ৪। সহকারী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট;
- ৫। জেলা, শিক্ষা অফিসার (সকল);
- ৬। সকল উপজেলা নির্বাহী অফিসার;
- ৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই. এম. আই. এস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ৮। সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ৯। সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ১০। প্রোগ্রামার, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ১১। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ১২। ব্যক্তিগত সহকারী, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এবং
- ১৩। ব্যক্তিগত সহকারী, পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট।



১৮-১২-২০২৩

মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ
সহকারী পরিচালক

সকল সংযুক্তিসমূহ:

- (১) ভর্তি সহায়তা নির্দেশিকা-২০২০
- (২) ভর্তি সহায়তা ব্যবহার নির্দেশিকা